গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
জয়পুরহাট সরকারি কলেজ, জয়পুরহাট
ফোন নং-০২৫৮৮৯১৫৭২৮, ফ্যাক্স নং-০২৫৮৮৯১৫৪৩৬, ই-মেইল: prin_jgc_joy@yahoo.com, c2801@nu.ac.bd, website: www.jgcbd.edu.bd

স্মারক নং-জসক/...৬২৯.../২০২৩ তারিখ: ০৫/০৪/২০২৩

২০২২-২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এ কলেজে ২০২২-২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত যোগ্যতা সাপেক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের মাধ্যমে **অনলাইনে** আবেদন ফরম পূরণ করে নির্ধারিত ফিসহ কলেজে জমা দিতে হবে।

ভর্তির যোগ্যতাঃ

ক) আবেদনকারীকে ২০১৯/২০২০ সালে এস.এস.সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ২০২১/২০২২ সালে এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

খ) মানবিক শাখা থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৪র্থ বিষয়সহ পৃথকভাবে ন্যূনতম **GPA - 3.00** জিপিএসহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৬.৫ পেতে হবে।

গ) বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা হতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৪র্থ বিষয়সহ পৃথকভাবে ন্যূনতম **GPA - 3.00** জিপিএসহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৭.০০ পেতে হবে।

ঘ) যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক, উচ্চ মাধ্যমিক পর্যায়ে সেই বিষয়/সমগোত্রীয় বিষয়ে কমপক্ষে **GPA-3.00** থাকতে হবে।

ঙ) আবেদনকারী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যে শাখায় উত্তীর্ণ হয়েছে সে শাখায় নির্ধারিত আবেদন ফরম পূরণ করবে।

চ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত (রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্ত) কোন শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

জ) একই শিক্ষাবর্ষ অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন প্রার্থী স্নাতক(সম্মান), স্নাতক(সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী কোটা(সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে):

ক) মুক্তিযোদ্ধা সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী কোটায় ভর্তি হতে ইচ্ছুক ছাত্র/ছাত্রীদের আবেদন ফর্মের নির্দিষ্ট স্থানে ক্লিক করে তথ্য এন্ট্রি দিতে হবে।

খ) শর্ত থাকে যে, প্রকৃত মুক্তিযোদ্ধা সন্তানের স্বপক্ষে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র এবং আদিবাসি/প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজ সেবা অফিসার কর্তৃক ইস্যুকৃত মূল সনদপত্র ও ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় অন্যান্য দলিলপত্রাদি সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে।

গ) এ সকল কোটায় একটি কলেজ সর্বাধিক ২৫ (পঁচিশ) জন (মুক্তিযোদ্ধা-১৫, আদিবাসী-০৭ ও প্রতিবন্ধি-৩) ছাত্র-ছাত্রী মেধাক্রম অনুসারে ভর্তি হতে পারবে, তবে যে কোন একটি বিষয়ে মুক্তিযোদ্ধা সন্তান, আদিবাসি ও দৃষ্টি প্রতিবন্ধী কোটায় ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের সংখ্যা সর্বাধিক ০৫ (পাঁচ) জনের অধিক হতে পারবে না।

ঘ) কোটার ঘর পূরণের ক্ষেত্রে শিক্ষার্থীকে সতর্কতা অবলম্বন করতে হবে। সংশ্লিষ্ট কোটার প্রত্যয়ন পত্র না থাকলে কোটার ঘর পূরণ করা যাবে না।

ঙ) ভুল তথ্য দিয়ে ফরমে উল্লেখিত কোটা সমূহের ঘর পূরণ করলে উক্ত পরীক্ষার্থীর ভর্তি পরীক্ষার ফলাফল ভর্তি বাতিল করার অধিকার কেবল মাত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ফরম জমাদানের তারিখ ও সময় : ০৫/০৪/২০২৩ হতে ০৮/০৫/২০২৩)
(অফিস চলাকালীন সকাল ১০.০০ টা হতে ২.০০ পর্যন্ত)

ফরম সংগ্রহ, ফরম পূরণ প্রক্রিয়াঃ

(১) ভর্তি প্রার্থীকে **ব্যক্তিগতভাবে যে কোন স্থান হতে** www.admissions.nu.ac.bd or www.nu.ac.bd/admissions এর Honurs Tab এর Apply Now(Honours)অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে।

(২) ওয়েবসাইটে প্রাপ্ত তথ্য ছকে পছন্দ অনুযায়ী একটি কলেজ সিলেক্ট করে এন্ট্রি দিলে আবেদনকারী তার ভর্তিযোগ্য বিষয়ের তালিকা দেখতে পাবে। উক্ত তালিকা থেকে শিক্ষার্থী সর্তকতার সঙ্গে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করবে।

এ কলেজের বিদ্যমান অনার্স কোর্স ও কোর্স কোড সমূহ হলো:

- ☐ বি.এ (অনার্স) ঃ বাংলা-10, ইংরেজি-11, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-16, দর্শন-17
- ☐ বি.এস.এস (অনার্স) ঃ রাষ্ট্রবিজ্ঞান-19, অর্থনীতি-22
- ☐ বি.বি.এ (অনার্স) ঃ হিসাববিজ্ঞান-25, ব্যবস্থাপনা-26
- ☐ বি.এস-সি (অনার্স) ঃ পদার্থবিজ্ঞান-27, রসায়ন-28, গণিত-37, উদ্ভিদবিদ্যা-30, প্রাণিবিদ্যা-31

(৩) আবেদনপত্র পূরণের সময় প্রার্থির পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙীন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ (১২০×১৫০) পিক্সেল, ইমেজ টাইপ JPG এবং ম্যাক্সিমাম ফাইল সাইজ ৫০ কেবি।

(৪) সঠিক তথ্যসহ ছক পূরণ করে প্রথম সেভ করতে হবে। ফরমটি অনলাইনে সাবমিট করলে আবেদনকারীর নাম, ভর্তির পরীক্ষার রোল নং পিন কোড, কলেজের নাম ও বিষয় প্রছন্দক্রম সহ একটি নতুন ফরম ওয়েবসাইটে দেখা যাবে। উক্ত ফরমটিকে **A4** অপসেট সাদা কাগজে প্রিন্ট করে নিতে হবে।

(৫) শিওরক্যাশ মোবাইল ব্যাংকিং **(Keyword: JGCAF)** এর মাধ্যমে অনার্স ভর্তি পরীক্ষার ফি **স্ব স্ব আবেদন ফরমে উল্লিখিত** **Admission Roll** এর বিপরীতে ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকা জমা দিতে হবে।

(৬) এখানে উল্লেখ নাই, এমন তথ্যের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়-এর "ভর্তি নির্দেশিকা" মেনে চলতে হবে।

(৭) ফরম পুরণ পর ০৯/০৫/২০২৩ তারিখ পর্যন্ত যদি **Confirmation sms** না পেলে ভর্তি কমিটির সাথে যোগাযোগ করতে হবে ।

(৮) অবশ্যই ভর্তির আবেদন ফরমে সচল মোবাইল নম্বর ব্যবহার করতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৪ (চার) বছর মেয়াদী সম্মান কোর্সের নিম্নলিখিত বিষয়গুলোতে ভর্তি হতে চাইলে উচ্চমাধ্যমিক পরীক্ষার পাশে উল্লিখিত অনুমোদিত সমগোত্রীয় (Allied) পাঠ্য বিষয় থাকতে হবে ।

ক্রঃ নং	স্নাতক (সম্মান) শ্রেনীতে ভর্তির বিষয়	উচ্চ মাধ্যমিক শ্রেণীতে নিম্নে যে কোন ১টি পাঠ্য বিষয় থাকতে হবে ও তাতে গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে
০১	রাষ্ট্রবিজ্ঞান **Political Science(19)**	পৌরনীতি ও সুশাসন/ সমাজবিজ্ঞান/সমাজকল্যাণ/ইতিহাস/অর্থনীতি/যুক্তিবিদ্য /উচ্চতর গণিত/জীববিজ্ঞান
০২	অর্থনীতি **Economics(22)**	পৌরনীতি ও সুশাসন/ সমাজবিজ্ঞান/সমাজকল্যাণ/ইতিহাস/অর্থনীতি/যুক্তিবিদ্য /উচ্চতর গণিত/জীববিজ্ঞান
০৩	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি **Islamic History & Culture (16)**	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ইতিহাস/পৌরনীতি ও সুশাসন/সমাজবিজ্ঞান/সমাজ কল্যাণ
০৪	দর্শন **Philosophy (17)**	যুক্তিবিদ্যা/পৌরনীতি ও সুশাসন /সমাজবিজ্ঞন/সমাজ কল্যাণ/মনোবিজ্ঞান
০৫	হিসাববিজ্ঞান **Accounting(25)**	হিসাববিজ্ঞান/ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/ ফিনান্স, ব্যাংকিং ও বীমা/উৎপাদন ব্যবস্থাপনা ও বিপনন/ অর্থনীতি/পরিসংখ্যান/উচ্চতর গণিত
০৬	ব্যবস্থাপনা **Management(26)**	হিসাববিজ্ঞান/ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/ ফিনান্স, ব্যাংকিং ও বীমা/উৎপাদন ব্যবস্থাপনা ও বিপনন/ অর্থনীতি/পরিসংখ্যান/উচ্চতর গণিত
০৭	বাংলা **Bangla(10)**	বাংলা/ইংরেজি
০৮	ইংরেজি **English (11)**	ইংরেজি
০৯	পদার্থবিজ্ঞান **Physics(27)**	পদার্থবিজ্ঞান/রসায়ন/উচ্চতর গণিত
১০	রসায়ন **Chemistry (28)**	পদার্থবিজ্ঞান/রসায়ন/উচ্চতর গণিত
১১	উদ্ভিদবিদ্যা **Botany (30)**	রসায়ন/জীববিজ্ঞান/মনোবিজ্ঞান
১২	প্রাণিবিদ্যা **Zoology (31)**	রসায়ন/জীববিজ্ঞান/মনোবিজ্ঞান
১৩	গণিত **Mathematics (37)**	উচ্চতর গণিত/পদার্থ বিজ্ঞান/পরিসংখ্যান

বিদ্রঃ * বিষয়ভিত্তিক সংরক্ষিত আসন জানার জন্য www.nu.ac.bd/admissions ওয়েব সাইট ভিজিট করতে বলা হলো।

০৫/০৪/২৩

অধ্যক্ষ
জয়পুরহাট সরকারি কলেজ
জয়পুরহাট

০৫/০৪/২০২৩

আহ্বায়ক
১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি ২০২২-২৩
জয়পুরহাট সরকারি কলেজ
জয়পুরহাট

বিতরণ:

১। উপাধ্যক্ষ, জয়পুরহাট সরকারি কলেজ;
২। সকল বিভাগীয় প্রধান, জয়পুরহাট সরকারি কলেজ;
৩। সদস্যবৃন্দ, ১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি ২০২২-২৩;
৪। প্রধান সহকারী/হিসাব রক্ষক/ক্যাশিয়ার;
৫। আইসিটি (ওয়েবসাইট ও ফেসবুক পেজে আপলোড করার জন্য);
৬। সকল নোটিশ বোর্ড;
৭। শিওরক্যাশ কর্তৃপক্ষ;
৮। অফিস নথি।